



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : [pro@bhbf.gov.bd](mailto:pro@bhbf.gov.bd)

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএইচবিএফসি'র নতুন ব্যবস্থাপনা পরিচালক আফরোজা গুল নাহার



সম্প্রতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এক প্রজ্ঞাপনের মাধ্যমে আফরোজা গুল নাহার-কে পদোন্নতি দিয়ে বিএইচবিএফসি-তে পদায়ন করায় তিনি প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক হিসাবে যোগদান করেন। বিএইচবিএফসি-তে যোগদানের পূর্বে তিনি জনতা ব্যাংক লিমিটেড এর উপ-ব্যবস্থাপনা পরিচালক পদে কর্মরত ছিলেন।

আফরোজা গুল নাহার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে কৃষি অর্থনীতিতে সন্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি ১৯৮৩ সালে বাংলাদেশ কৃষি ব্যাংকে প্রবেশনারী অফিসার হিসেবে কর্মজীবন শুরু করেন। ইতোপূর্বে তিনি বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনে মহাব্যবস্থাপক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে উপ-মহাব্যবস্থাপকসহ বিভিন্ন পদে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। ব্যাংকিং কর্মকাণ্ডের উপর দেশ-বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্স, সেমিনার ও ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। তিনি সুদীর্ঘ ব্যাংকিং ক্যারিয়ারে সংযুক্ত আরব আমিরাত ও থাইল্যান্ডসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। ঠাকুরগাঁও জেলার বালিয়াডাংগী উপজেলার লাহিড়ী গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে তিনি জন্মগ্রহণ করেন।